**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**29 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

=======================================================

(১) আসাম বিধানসভায় মুসলমান বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ বাধ্যতামূলক পঞ্জীয়ন বিল-২০২৪ গৃহীত/ এই বিলের অধীনে কাজীর দ্বারা করানো মুসলমান বিবাহ পঞ্জীয়ন নিষিদ্ধ ঘোষণা/

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কার্যকালে আসাম সহ সমগ্র উত্তরপূর্বাঞ্চল অভূতপূর্ব বিকাশের পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগানের প্রকাশ/

(৩) রাজ্য পর্যায়ের নিযুক্তি আয়োগের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদের নিযুক্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা/

এবং

(৪) মহান হকি খেলোয়াড় মেজর ধ্যানচাঁদের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে আজ দেশজুড়ে জাতীয় ক্রীড়া দিবস পালিত/

---

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের আজ চতুর্থ দিনে মুসলমান বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ বাধ্যতামূলক বিল-২০২৪ গৃহীত হয়েছে । মন্ত্রী যোগেন মোহনের উত্থাপন করা বিলটি ধ্বনি ভোটে গৃহীত হয় । এই বিলের অধীনে বাল্য বিবাহকে

অপরাধ হিসেবে গণ্য করা হবে । এর সঙ্গে এই বিলের মাধ্যমে ইসলাম ধর্মাবলম্বীদের কাজীর মারফত করানো বিয়ের পঞ্জীয়ন করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । নতুন আইন অনুযায়ী ইসলাম ধর্মাবলম্বী লোকেরা সরকারী কার্যালয়ে বিবাহের পঞ্জীয়ন করতে পারবেন । বিয়ের জন্যে মেয়েদের ১৮ বছর এবং ছেলেদের ২১ বছর বয়সের সীমা লংঘন করা যাবেনা। বিলটি কিশোরীদের গর্ভধারণের বিরুদ্ধে এক কঠোর প্রতিরোধ হিসেবে কাজ করবে । এছাড়া মেয়েদের সামগ্রিক বিকাশ সুনিশ্চিত করার ক্ষেত্রে এই বিল বিশেষ ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে ।

একইসঙ্গে বিধানসভায় আজ আসাম জমি ও রাজস্ব নিয়ন্ত্রণ বিল গৃহীত হয়েছে । এই বিলের মাধ্যমে ২৫০ বছরের পুরনো ঐতিহাসিক স্থান ও সত্রের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে জমি বিক্রয়ের ক্ষেত্রে কঠোর নিয়ম প্রযোজ্য হবে । তবে এই বিলের থেকে মাজুলী জেলাকে বাইরে রাখা হয়েছে ।

উল্লেখ্য- এবারের শরৎকালীন অধিবেশনের চতুর্থ দিনে বিধানসভায় আজ দশটি বিল গৃহীত হয় । এরমধ্যে- দ্য আসাম টেন্যান্সি এমেন্ডমেন্ট বিল-২০২৪, দ্য আসাম রিপিলিং বিল-২০২৪, দ্য আসাম ভেটেরিনারি এন্ড ফিশারী ইউনিভার্সিটি বিল-২০২৪, দ্য আসাম স্কিল্স ইউনিভার্সিটি এমেন্ডমেনট বিল-২০২৪ এবং দ্য মোরান অটোনমাস কাউন্সিল এমেন্ডমেন্ট বিল-২০২৪ রয়েছে । এছাড়া দ্য আসাম আর্বান ওয়াটারবডিস (প্রিজার্ভেশন এন্ড কনজার্ভেশন বিল-২০২৪) শীর্ষক বিলটিও আজ বিধানসভায় উত্থাপন করা হয় । এদিকে বিধায়ক রমাকান্ত দেউরী রাজ্যের সংখ্যালঘু এলাকায় হিন্দু ধর্মাবমল্বী শিক্ষিকাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে বিধানসভার অধ্যক্ষকে আহ্বান জানান। বিধায়ক দেউরীর এই আহ্বানের পরিপ্রেক্ষিতে বিরোধী বিধায়করা উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি করেন । এরফলে বিধানসভার অধ্যক্ষ আজ দশ মিনিটের জন্য সভার কাজকর্ম স্থগিত রাখার সিদ্ধান্ত নেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কার্যকালে আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চল অভূতপূর্ব বিকাশের পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদীয় পরিক্রমা দপ্তরের প্রতি মন্ত্রী ডঃ এল. মুরুগান আজ গুয়াহাটিতে মন্তব্য করেছেন । দুদিনের সফরে গুয়াহাটি পৌঁছে ডঃ মুরুগান সাংবাদিকদের বলেন যে- প্রধানমন্ত্রী এই অঞ্চলের উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে আসছেন । আজ গুয়াহাটির লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ বিমানবন্দরে অবতরণ করার পর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের গুয়াহাটি কার্যালয়ের বেশকয়েকজন প্রবীণ আধিকারিক তাকে স্বাগত জানান । তার এই সফরকালে চিরাং জেলা সফর ছাড়াও মন্ত্রীর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের গুয়াহাটিতে থাকা

বেশকয়েকজন প্রবীণ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবার কথা রয়েছে । তিনি একইসঙ্গে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডের তেল ভান্ডার প্রকল্প পরিদর্শন করে আগামীকাল বিকেলে প্রতিবেশী রাষ্ট্র ভূটানের গেলেফুল'এর উদ্দেশে রওয়ানা হবেন ।

---

রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশন তৃতীয় ও চতুর্থ শ্রেনীর পদের নিযুক্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা করেছে ।উচ্চতর মাধ্যমিক স্তরের তৃতীয় শ্রেণীর পদের জন্য আগামী ১৫ই সেপ্টেম্বর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে ।কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেনীর পরীক্ষা সমুহ ২৯ শে সেপ্টেম্বর সকাল ৯ টা থৈকে ১২ টা পর্যন্ত এবং মাধ্যমিক পর্যায়ের চালক পদের জন্য পরীক্ষা ঐদিন দুপুর ১ টা ৩০ মিনিট থেকে বিকেল ৪ টে ৩০ পর্যন্ত অনুষ্ঠিত হবে ।অনুরূপভাবে আই টি আই উত্তীর্ণ সহ মাধ্যমিক পর্যায়ের চতুর্থ শ্রেনীর সম্ভাব্য পরীক্ষা ২৭ শে অক্টোবর বেলা দেড়টা থেকে অনুষ্ঠিত হবে ।অষ্টম শ্রেণী পর্যায়ের পদগুলোর পরীক্ষা আগামী ২৭ শে অক্টোবর বেলা দেড় টা থেকে অনুষ্ঠিত হবে ।উল্লেখ্য তৃতীয় শ্রেনীর পদের জন্য প্রায় ১৮ লক্ষ ৫০ হাজার প্রার্থী আবেদন করেছেন ।চতুর্থ শ্রেনীর পদের জন্য ১৩ লক্ষ ৭০ হাজার প্রার্থী আবেদন করেছেন ।প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে বই , কাগজ মোবাইল ,বৈদ্যুতিক সামগ্রী নিয়ে যেতে পারবেননা ।পরীক্ষা কেন্দ্রে শুধু এডমিটকার্ড , কলম ,পরিচয়পত্র নিয়ে প্রবেশ করা যাবে । পরীক্ষার নিয়ম লঙ্ঘন করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---

সরকার কেন্দ্রীয় লোকসেবা আয়োগকে ইউ পি এস সি পরীক্ষার প্রার্থীদের পরিচয় পরীক্ষার জন্য আধার ভিত্তিক সত্যতা যাচাইয়ের প্রক্রিয়া স্বেচ্ছামূলকভাবে করার বিষয়ে অনুমতি প্রদান করেছে । এই পরীক্ষার জন্য নাম পঞ্জীয়নের সময়ে এবং পরীক্ষা ও নিযুক্তির বিভিন্ন পর্যায়ে এই সংক্রান্ত সত্যতা যাচাই প্রক্রিয়া সম্পূর্ণ করা যাবে । ভূয়ো প্রমাণপত্র দেখিয়ে অসামরিক সেবার পরীক্ষায় নির্ধারিত সংখ্যার থেকে বেশিবার অবতীর্ণ হওয়ার চেষ্টা করায় পূজা খেড়কর নামের এক প্রার্থীর অস্থায়ী প্রার্থীত্ব বাতিল করা হয়েছে । পরিচয় প্রদানের ক্ষেত্রে প্রতারণা করে সিভিল সার্ভিসের পরীক্ষায় বসার জন্যে তাকে ভবিষ্যতে এধরণের সব পরীক্ষায় বসতে নিষেধ করা হয়েছে । এবং একইসঙ্গে এর পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

---

আসাম পুলিশ রাজ্যের বিভিন্ন প্রান্তে অভিযান চালিয়ে প্রচুর পরিমানে মাদক দ্রব্য বাজেয়াপ্ত করা সহ বেশ কয়েকজন লোককে আটক করেছে ।আজ নলবারী জেলার সামতায় পুলিশ অভিযান চালিয়ে মাদক দ্রব্য বাজেয়াপ্ত করা সহ ৫ জন লোককে আটক করেছে ।এদিকে ধুবরী জেলার ভারত বাংলাদেশ সীমান্তে গতকাল মাদক দ্রব্য সহ একজন লোককে আটক করা হয়েছে ।অন্যদিকে কামরূপ জেলার হাজো দামপুরে আজ ভোরে অভিযান চালিয়ে পুলিশ বৃহৎ পরিমানের নেশা জাতীয় সামগ্রী , নগদ অর্থ সহ একজনকে আটক করেছে ।অনুরূপভাবে দক্ষিণ শালমারা মানকাচার জেলায় পুলিশ অভিযান চালিয়ে ৪৮ গ্রামের ও বেশী ব্রাউন সুগার জব্দ করা সহ একজন লোককে আটক করেছে ।পুলিশ ধৃত লোকেদের জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------

আজ জাতীয় ক্রীড়া দিবস ।মহান হকী খেলোয়াড় মেজর ধ্যানচাঁদের জন্মবার্ষিকী উপলক্ষে তথা ভারতীয় হকীর ইতিহাসে মেজর ধ্যানচাঁদের অবদানের প্রতি সম্মান ও শারিরীক গতিবিধি এবং খেলাধূলোর আবশ্যকতার ওপর গুরুত্ব আরোপ করে প্রতিবছর ২৯ শে আগষ্ট জাতীয় ক্রীড়া দিবস হিসেবে পালন করা হয় ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিবস উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন যে আজকের দিনটিতে সমগ্র দেশ হকীর জাদুকর মেজর ধ্যানচাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছে ।আজকের দিনটি সব ক্রীড়াপ্রেমী এবং দেশের খেলোয়াড়দের প্রশংশা করার দিন বলেও তিনি উল্লেখ করেন ।সরকার খেলাধূলো এবং যুবক যুবতীদের খেলা ও প্রতিভা প্রদর্শনের সুযোগ প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ বলেও প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

কেন্দ্রীয় যুব পরিক্রমা ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে আজ সকালে নতুনদিল্লীর মেজর ধ্যানচাঁদ ষ্টেডিয়ামে হকীর যাদুকরের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন ।পরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় শ্রী মান্ডাভিয়া বলেন যে দেশের প্রত্যেক নাগরিককে সুস্থ ও সবল থাকতে হবে ।সুস্থ নাগরিক একটি সুস্থ সমাজ এবং একটি সুস্থ সমাজ সুস্থ দেশ গড়ে তুলতে সহায়তা করে বলে তিনি মন্তব্য করেন ।তিনি প্রত্যেক নাগরিককে তাদের ব্যস্ত জীবন থেকে কমকরেও একঘন্টা খেলাধূলোর নামে উৎসর্গ করার আহ্বান জানান ।কেন্দ্রীয় পথ পরিবহন ও জাতীয় সড়ক দপ্তরের মন্ত্রী নীতিন গাড়কারী আজ এই দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানান এবং মেজর ধ্যানচাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

---------------------------------------------------------------------------------------

জওহর নবোদয় বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে বাছাই পরীক্ষার জন্য আগামী ১৬ ই সেপ্টেম্বর পর্যন্ত নাম পঞ্জীয়ন করা যাবে ।ইচ্ছুক প্রার্থীরা

www.navodaya.gov.in ওয়েবসাইটের মাধ্যমে নাম পঞ্জীয়ন করতে পারবে ।

---

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের ধোয়ারবন্দ আঞ্চলিক কমিটির পক্ষ থেকে ধোয়ারবন্দ অঞ্চলের বেহাল সড়ক সংস্কার , পানীয় জলের পাইপের সংস্কার , প্রিপেইড স্মার্ট মিটার ব্যবস্থা প্রত্যাহার করা , ধোয়ারবন্দে ৩০ শয্যা বিশিষ্ট হাসপাতাল গড়ে তোলার দাবী জানিয়ে আজ ধোয়ারবন্দ বাজারে বিক্ষোভ প্রর্দশন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে দাবীগুলির সর্মথনে বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আগামী দোসরা সেপ্টেম্বর থেকে বায়োমেট্রিক আধার আপডেট শিবিরের আয়োজন  করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হেয়েছে যে জেলার শিক্ষা প্রতিষ্টানগুলিতে আগামী ২৩শে নভেম্বর পর্য্যন্ত পর্য্যায়ক্রমে আধার আপডেট শিবিরের আয়োজন করা হবে ।

---

কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্ম বার্ষিকী উদযাপন কাছাড় জেলা কমিটির উদ্যোগে আজ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ৪৮তম প্রয়ান দিবসে কবির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়  । কমিটির সভাপতি সিহাব উদ্দিন আহমেদ এবং সম্পাদক নকুল রঞ্জন পাল সহ অধ্যাপক অজয় রায়, উপদেষ্টা সুব্রত চন্দ্র নাথ প্রমূখ  সকাল ১১টায় শিলচর পার্ক রোডে কাজী নজরুলের মূর্তিতে শ্রদ্ধা জ্ঞাপন করেন । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

মাতৃভূমি কাপ ফুটবল টুর্নামেন্টের আসরে ধলাইয়ের বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে আজ জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে চারজন ক্রীড়া সংগঠক ও প্রাক্তন ফুটবলারকে সংবর্ধনা জানানো হয়েছে । এর আগে জাতীয় ক্রীড়া দিবসে হকির জাদুকর মেজর ধ্যানচাঁদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানানো হয়েছে । এই অনুষ্ঠানে প্রাক্তন ফুটবলার ও ক্রীড়া সংগঠক তুষার কান্তি বর্মণ, শিশির কুমার বর্মণ, ইন্দ্রজিৎ সিংহ এবং নারায়ণ চন্দ্র দাসকে ক্রীড়াক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ এই সম্মাননা জানানো হয় ।

এদিকে মাতৃভূমি কাপ প্রাইজমানি নকআউট ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় জয়লাভ করে জামালপুর এফ সি দল সেমিফাইনালে প্রবেশ করেছে । প্রতিযোগিতার

আজকের খেলায় জামালপুর দল মথুরাপুর এফ সি দলকে ২-০ গোলে পরাজিত করেছে । আগামীকাল অনুষ্ঠেয় প্রতিযোগিতার তৃতীয় কোয়ার্টার ফাইনালে ব্রাইট স্টার ক্লাব ও ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দল পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------

সারা ভারত কৃষক সভার কাছাড় জেলা কমিটি এবং নিখিল ভারত গনতান্ত্রিক মহিলা সমিতির যৌথ উদ্যোগে আজ শ্রীকোনা ডেইলী বাজারের এ পি ডি সি এল অভিযোগ কেন্দ্রে প্রিপেইড স্মার্ট মিটার বাতিলের দাবী জানিয়ে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে কৃষক সভার জেলা সম্পাদক সুভাষ দেব , নিখীল ভারত গণতান্ত্রিক মহিলা সমিতির শ্রীকোনা আঞ্চলিক সভানেত্রী শ্যামলী গুপ্ত ,কান্দিগ্রাম শাখা সম্পাদিকা সন্তোষী দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

পালংঘাট মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার প্রথম সেমি-ফাইনাল আগামীকাল অনুষ্টিত হবে । আগামীকালের প্রথম সেমি-ফাইনালে আমড়াঘাট এফ সি মূখোমূখি হবে রাজঘাট এফ সি-র বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত নকআউট ফুটবল চ্যাম্পিয়নশিপের আজকের খেলায় বিলপার একাদশ ২-১ গোলে লালা টাউন এফ সি ক্লাবকে পরাজিত করেছে । আগামীকাল এই প্রতিযগিতার তৃতীয় ম্যাচে বোয়ালিপার ফার্মাস ক্লাব এবং কাহরঘাট জি এস এম ক্লাব পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------